Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রী১০৮স্বামী সন্তদাস বাবাজী মহারাজের অপ্রকাশিত

পত্রাবলী

9/242 E.

LIBRARY
No. .....
Shri Shri ... Anandamayee Ashram
BANARAS

PRESENTED

সঙ্কলয়িতা

ব্রহ্মচারী শিশিরকুমার

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রী১০৮স্বামী সন্তদাস বাবাজী মহারাজের অপ্রকাশিত

পত্রাবলী

LIBRARY
No. ৭/২৫২/E
Sri Sri ... Ashram
VARANASI

তদীয় শিষ্য

ব্রহ্মচারী শিশিরকুমার

কর্ত্তৃক সঙ্কলিত

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রকাশক
ব্রহ্মচারী শিশিরকুমার
৩নং অন্নদা নিয়োগী লেন,
কলিকাতা-৩

প্রথম সংস্করণ ২২০০
মাঘী পূর্ণিমা, ১৩৭৪

প্রাপ্তিস্থান—প্রকাশকের নিকট
মহেশ লাইব্রেরী

মূল্য—৭৫ পঃ

মুদ্রাকর
শ্রীবামাচরণ মণ্ডল
রাণীশ্রী প্রেস
৩৮, শিবনারায়ণ দাস লেন,
কলিকাতা-৬

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৭।২৪২৫

উৎসর্গ

শ্রীশ্রীশোভনমণিকে

ভাইদা

LIBRARY
No.....
Shri Shri Ma Anandamayee Ashram
BANARAS

মাঘী পূর্ণিমা
১৩৭৪ বাংলা

PRESENTED

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আমাদের কথা

পরম পূজনীয় শ্রীগুরুদেবের এই পত্রগুলিতে অধ্যাত্ম পথে চলিয়া শান্তিলাভের যে পথের নির্দ্দেশ রহিয়াছে, তাহা সম্প্রদায় নির্ব্বিশেষে সকলেরই পরম সহায়ক হইবে বলিয়া মনে করি।

শ্রীযুত নির্ম্মল কুমার ভট্টাচার্য্যের অর্থ সাহায্যে এই গ্রন্থ প্রকাশিত হইল। মহৎ কার্য্যে এই দান মহৎ ফলই প্রসব করিবে তাহাতে আর সন্দেহ কি ?

শ্রীগুরুর চরণে এই প্রার্থনা গ্রন্থপাঠে আমরা যেন তাঁহার অভীপ্সিত কার্য্যে ব্রতী হইবার প্রেরণা লাভ করি। ইতি—

প্রণতঃ

ব্রহ্মচারী শিশিরকুমার

মাঘী পূর্ণিমা
১৩৭৪।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

LIBRARY
No.....
Shri Shri Ma Anandamayee Ashram
BANARAS

শিবপুর
নিম্বার্ক আশ্রম
তাং ৩৫ ইং

ওঁ হরিঃ

পরম কল্যাণবরেষু

প্রিয়—,

তোমার পত্র পাইয়াছি। আমার আশীর্ব্বাদ জানিবে। * * * সংক্ষেপে দু'চার কথায় তোমার প্রশ্নের উত্তর লিখা হইতেছে। * * *

অনাদি কাল হইতে নিবৃত্তি মার্গের গুরুশক্তি গুরুপরম্পরাক্রমে সঞ্চারিত হইয়া আসিয়াছে। যিনি সেই শক্তি প্রাপ্ত হইয়াছেন এবং যাঁহাতে সেই শক্তির ক্রিয়া অন্ততঃ বহুলরূপে প্রকাশিত হইয়াছে তাঁহাকে সদ্‌গুরু বলা যায়। শিষ্য করিতে সদ্‌গুরুগণ এক নিয়মের অনুসরণ করেন না। কখনও পাত্র অপাত্রের বিচার খুব করেন। সুপাত্র দেখিলে শিষ্য করেন, নতুবা করেন না। আবার পাপীদিগের অনিবার্য্য দুঃখ দেখিয়া দুঃখনিবারণের জন্য দয়ার্দ্রচিত্ত হইয়া দয়াবশতঃ পাত্র অপাত্র বিচার না করিয়া শিষ্যত্বে গ্রহণ করিয়া থাকেন। সদ্‌গুরুর শিষ্যত্ব লাভ হইলে কোন সময় পতন হইলেও তাহা স্থায়ী হইবে না। বাহিরের লোক যাহাকে পতন বলে তদ্দ্বারা ঐ শিষ্যের অবশেষে উন্নতি লাভের পথ পরিষ্কার হইয়া যায়। তোমরা আনন্দ লাভ কর এই ইচ্ছা করি। ইতি—

আশীর্ব্বাদক
শ্রীসন্তদাস

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রী১০৮স্বামী সন্তদাস বাবাজী মহারাজের অপ্রকাশিত

পত্রাবলী

১

ওঁ হরিঃ

প্রিয়.....,

তোমার পত্র পাইয়াছি। তুমি চিন্তিত হইও না। কল্যাণই লাভ করিবে। তোমার প্রশ্নসকলের উত্তর সম্পূর্ণরূপে এবং যুক্তির সহিত লিখিতে হইলে অনেক কথা লিখিতে হয়। পত্রে তাহা হয় না। সংক্ষেপে নিম্নে কিছু লিখিতেছি।

(১) কেবল নেতি নেতি বিচার দ্বারা সমস্ত ইন্দ্রিয়ের উপর জয় লাভ করা অতিশয় কঠিন। শ্রুতিতে পর্য্যন্ত উল্লিখিত আছে, এইরূপ সাধকের বিঘ্ন দেবতারাও উৎপাদন করিয়া থাকেন। চিত্তশুদ্ধির সর্ব্বাপেক্ষা প্রকৃষ্ট উপায় ভগবানে সর্ব্বপ্রকার কর্ম্মের অর্পণ। কেবল নিজ চেষ্টা দ্বারা সমস্ত রিপুকে দমন করিবার দৃষ্টান্ত দেখি নাই ও শুনি নাই।

(২) স্ত্রীপুরুষের মধ্যে যে মিথুন ভাবের আকর্ষণ, তাহা আকস্মিক ও অস্বাভাবিক নহে। দেবতা, মনুষ্য, পশুপক্ষী, কীট-পতঙ্গ এমন কি বৃক্ষলতাদিতেও এই আকর্ষণ সর্ব্বত্র দৃষ্ট হয়। ইহাই সৃষ্টি বৃদ্ধির মূল। সর্ব্ববিধ মায়িক আকর্ষণ অপেক্ষা এই আকর্ষণের বল অধিক।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যথার্থ ব্রহ্মবিৎ পুরুষ ভিন্ন কেহই ইহাকে সম্পূর্ণরূপে অতিক্রম করিতে পারে না।

(৩) প্রার্থনা খুব উপকারী। অপেক্ষাকৃত ভাগ্যবান পুরুষেরই আপৎকালে অথবা অভাব প্রভৃতি স্থলে যথার্থ পক্ষে ভগবানের নিকট প্রার্থনা করিবার প্রবৃত্তি হয়।

ভগবানকে যিনি আপন বোধ করেন, তিনি সর্ব্বদা নিকটে আছেন, এবং দুঃখ দূর করিতে সমর্থ ইহা যিনি অন্তরে ধারণা করিয়াছেন, তাঁহারাই অভাব সকল ভগবানকে জ্ঞাপন করেন; জ্ঞাপন করা কালে ভগবৎ সান্নিধ্যবোধ তাঁহার নিশ্চয়ই জন্মে। অতএব ইহা তাঁহার বিশেষ কল্যাণ লাভের হেতু হয়। তাঁহার প্রার্থনা সাক্ষাৎ সম্বন্ধে সর্ব্বদা পূরণ ভগবান করেন না সত্য, কারণ তাহার প্রার্থনা নিজের এবং জগতের যথার্থ কল্যাণের নিমিত্ত না হইলে তাহা সফল হওয়ার যোগ্য নহে। কিন্তু সাক্ষাৎ সম্বন্ধে প্রার্থনা সর্ব্বদা পূরণ না হইলেও চিন্তার দ্বারা একপ্রকার ভগবৎ সঙ্গ লাভ হয়। তাহাতে জীবের চিত্ত শুদ্ধ হইতে থাকে এবং ইহা তাঁহার অশেষবিধ কল্যাণের হেতু হয়। যাঁহাদিগের চিত্ত নির্ম্মল হয়, তাঁহাদিগের কোন প্রার্থনা হৃদয়ে উদিত হইলে, তাহা কল্যাণের মূলেই উদিত হয় এবং তাহা সাক্ষাৎ সম্বন্ধে পূর্ণও হইয়া থাকে; ইহাতে ভগবানের কোন পক্ষপাতিত্ব নাই। চিত্তের শুদ্ধির উপরেই ইহা সাধারণতঃ নির্ভর করে।

(৪) ক্ষুধার সময় শরীরের পোষক বস্তুসমূহের অভাব হইলে আহার্য্যবস্তু সেবনের দ্বারা শরীরের পুষ্টি-সাধন করিতে হয় ইহাই সাধারণ নিয়ম। রোগের সময়ও শরীরের ধাতু সমূহের অভাব (ক্ষয়)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ঘটে, তাহা পূরণের নিমিত্ত ঔষধাদি সেবন করিতে হয় ইহাই ভগবৎকৃত সাধারণ নিয়ম। এই নিয়ম প্রতিপালন করাই সাধারণতঃ জীবের কর্ত্তব্য, ইহা প্রতিপালনে কিছু দোষ হয় না। তুমি আমার আশীর্ব্বাদ জানিবে। তুমি কল্যাণ লাভ কর এই ইচ্ছা করি। ইতি

আশীর্ব্বাদক
শ্রীসন্তদাস

PRESENTED

২

ওঁ হরিঃ

প্রিয়.....,

তোমার পত্র পাইয়াছি। তুমি এত ব্যস্ত হইও না ; মানসিক প্রকৃতি অতি আস্তে আস্তে গঠিত হইয়া থাকে। শরীর প্রত্যহই কিঞ্চিৎ কিঞ্চিৎ পরিবর্ত্তিত হইতেছে ; ঘর্ম্ম, প্রস্রাব, বাহ্য, শ্বাস প্রভৃতির দ্বারা প্রতিমুহূর্ত্তে শরীরের পরমাণু সকল নির্গত হইতেছে, এবং আহারাদি ও নিশ্বাসের দ্বারা নূতন পরমাণু সকল শরীরে প্রবিষ্ট হইতেছে, তন্নিমিত্ত বৈজ্ঞানিক পণ্ডিতগণ এইরূপ বলেন শুনিয়াছি যে, প্রত্যেক বার বৎসরে শরীরের সমস্ত পরমাণু পরিবর্ত্তিত হইয়া যায়। বার বৎসর পূর্ব্বে যে দেখিয়াছে, বার বৎসর পরে দেখিলে সে পরিচয় করিতে পারে না। প্রত্যহ শরীরের পরিবর্ত্তন ঘটিতেছে, কিন্তু তাহা কি কেহ অনুভব করে ? যাহারা সর্ব্বদা দেখে, তাহারা পর্য্যন্ত পরিবর্ত্তন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

লক্ষ্য করিতে পারে না। স্থূল শরীর সম্বন্ধে যদি এইরূপ হয়, তবে সূক্ষ্ম শরীর, যাহাতে মন প্রভৃতি থাকে, তাহার পরিবর্ত্তন ত আরও আস্তে আস্তে বিলম্বে হয়। তাহা প্রত্যহ কিরূপে অনুভব করিতে পারিবে? দীর্ঘকাল পরে প্রথমে অপর লোকে বুঝিতে আরম্ভ করে. পরে নিজেও অল্প অল্প করিয়া বুঝিতে পারে। সনাতন গোস্বামী এত বৈরাগ্যযুক্ত উত্তম সাধক ছিলেন তবুও তিনি নিজের আভ্যন্তরিক অবস্থা দৃষ্টে অসন্তুষ্ট হইয়া আত্মহত্যা করিতে পর্য্যন্ত মনন করিয়াছিলেন। এইরূপ সকল সাধকের সম্বন্ধেই জানিবে। তুমি উতলা হইও না। সকল প্রকার সাংসারিক কর্ম্মই ভগবৎ কর্ম্ম,—পাপ, পুণ্য সমস্তই সংসারে আছে; তন্মধ্যে থাকিয়া সকলের প্রতি সমভাবাপন্ন হইতে শিক্ষা করিতে হইবে। ইহা একেবারে হয় না। বালক যেমন উঠিতে চেষ্টা করে, কিন্তু বহুবার পতিত হইয়া ক্লেশ পায় ও কাঁদে, পরে ঐরূপ চেষ্টা করিয়া ক্লেশ পাইতে পাইতে দৃঢ় হইয়া দাঁড়ায় ও ক্রমশঃ দৌড়াইতে আরম্ভ করে। প্রত্যেক কার্য্যেই এইরূপ জানিবে। অতএব ব্যস্ত হইবে না। সদ্‌গুরু দীক্ষার দ্বারা নির্ব্বাণ বীজ বপন করেন। তাহা অঙ্কুরিত হইতে পাত্রভেদে বিলম্ব হয়। উত্তম কর্ষিত মৃত্তিকায় বীজ বপন করিলে শীঘ্র অঙ্কুরিত হইয়া ওঠে, তদ্রূপ ভূমি না হইলে বিলম্ব হয়। সংস্কার সকল এবং কর্ম্মের অভ্যাস সকল বীজের স্ফোটন বিষয়ে বিঘ্ন উৎপাদন করে; কিন্তু বীজ অক্ষয় বীজ; ইহা তদ্দ্বারা ক্ষয়প্রাপ্ত হয় না; ক্রমশঃ সংস্কারের বাধাসকল অতিক্রম করিয়া অল্পে অল্পে নিজ বল প্রকাশ করিতে থাকে। ইহাই সত্য জানিবে। যে সকল কুসংস্কার ও কু-অভ্যাস

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

থাকে, সেই সকল দ্বারাও অন্তিমে সাধকের কল্যাণই সাধিত হয় দেখা যায়। সেই সকল অভ্যাসের ফল যাহাতে সাধকের পক্ষে কল্যাণজনক হইয়া উঠে, তদ্রূপে সেই বীজ সকল সংস্কারের উপর নিজ শক্তি প্রয়োগ করে। অতএব নিরাশ হইবার কোনই হেতু নাই জানিবে। তুমি সাধ্যমত চেষ্টা করিয়া ভজন করিতে থাক এবং মনে সর্ব্বদা সন্তোষের ভাব রক্ষা করিয়া কর্ত্তব্য কার্য্য সকল প্রতিপালন করিতে থাক। কোন চিন্তা করিও না। তুমি আমার আশীর্ব্বাদ জানিবে। ইতি—

আশীর্ব্বাদক
শ্রীসন্তদাস

৩

ওঁ হরিঃ

প্রিয়.....,

সদ্‌গুরু লাভ হইলে ভববন্ধন কালক্রমে অবশ্য মুক্ত হইবে। এবং ইহাও সম্পূর্ণ সত্য যে—সদ্‌গুরু-লাভ-মাত্রই সংসার-বন্ধনের মূল ছিন্ন হইয়া যায়। কিন্তু বলবান বৃক্ষের মূল কর্ত্তন করিয়া দিবার পরেও অনেক দিবস পর্য্যন্ত তাহার ডাল ও পাতা প্রভৃতি তাজাই থাকে। মূল হইতে যে রস কর্ত্তনের পূর্ব্বে শাখা ও পাতাতে সঞ্চারিত হইয়াছে সেই রস শুকাইতে যতদিন বিলম্ব হয় ততদিন পর্য্যন্ত বৃক্ষ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তাজাই থাকে দৃষ্ট হয়। তদ্রূপ মহৎ-পাপ-প্রবৃত্তি-যুক্ত পুরুষ সদ্‌গুরুর কৃপা পাইলেও তাহার পূর্ব্বানুষ্ঠিত পাপের শক্তি তাহাকে বহু দিন চালিত করিয়া কষ্ট দেয়। সেই পাপের শক্তি কাহার ইহজন্মেই শেষ হয়, কাহার দুই জন্মে, কাহার বা তিন জন্মে ধ্বংস হয়। জয় ও বিজয় ভগবানের প্রধান পার্ষদ ছিলেন। কিন্তু তথাপি তাঁহারা সনকাদি ঋষির উপযুক্ত সম্মান না করাতে মর্ত্ত্যলোকে রাক্ষস ও অসুর দেহ প্রাপ্ত হইয়া তিন জন্ম কাটাইয়াছিলেন। এইরূপ অপরাপর দৃষ্টান্তও অনেক আছে। অতএব কৃতকর্ম্মের ফল অবশ্যই ভোগ করিতে হয়। সদ্‌গুরু লাভ করিলে যে ভোগ হয় না—তাহা নহে।

নারায়ণ স্বয়ং ব্রাহ্মণ বালককে মন্ত্র-দীক্ষা প্রদান করিয়াছিলেন, ইহা নারদ-পঞ্চরাত্রে উক্ত আছে। তৎপর ঐ গ্রন্থে উল্লিখিত আছে যে, ঐ জন্মে ঐ ব্রাহ্মণকুমার রাজকন্যা বিবাহ করিয়া রাজ্যভোগ করেন। পরজন্মে তিনি মার্কেণ্ডেয় ঋষি হয়েন এবং তৎপরজন্মে সম্যক্ মুক্তি লাভ করেন। এইরূপ পুরাণে বৃত্র প্রভৃতি অসুরের এবং অপরের কথাও উল্লিখিত হইয়াছে। সুতরাং সদ্‌গুরুর নিকট দীক্ষা লাভ করিবামাত্র যে সমস্ত কর্ম্ম ক্ষয় হইয়া যায়, তাহা নহে। এমন কি বেদান্ত-দর্শনে নানাবিধ বিচারের পর শ্রীভগবান বেদব্যাস সিদ্ধান্ত করিয়াছেন যে, যাঁহারা ব্রহ্ম সাক্ষাৎকার লাভ করিয়া জীবন্মুক্ত—সর্ব্বজ্ঞ হইয়াছেন তাঁহাদেরও এই স্থূলদেহে প্রারব্ধ কর্ম্ম ভোগ করিতে হয়। অতএব প্রারব্ধ কর্ম্ম অবশ্যই ভোগ করিতে হইবে। ব্রহ্মজ্ঞানের উদয় হইলে সর্ব্বকর্ম্ম বিনষ্ট হয় বলিয়া যে শ্রীমদ্ভগবদ্গীতা প্রভৃতিতে উল্লিখিত আছে তাহা প্রারব্ধ কর্ম্ম সম্বন্ধে নহে এইরূপ বেদান্ত দর্শনে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মীমাংসিত হইয়াছে। অতএব পূর্ণ ব্রহ্মজ্ঞানীরও যখন প্রারব্ধ কর্ম্ম-ভোগ অবশ্য কর্ত্তব্য তখন অপরের যে কর্ম্মফল ভোগ করিতে হইবে তদ্‌বিষয়ে আর কি সন্দেহ হইতে পারে? তবে শাস্ত্রে ইহাও উল্লিখিত আছে যে সদ্‌গুরুর আশ্রয় লাভ করিবামাত্রই কর্ম্মবন্ধন ছিন্ন হইয়া যায়। এবং সেই ভাগ্যবান ব্যক্তি মুক্ত হয়।

বড়্‌শীদ্বারা হ্রদের পারস্থিত ব্যক্তি জলমধ্যস্থিত মৎস্যের হৃদয় বিদ্ধ করে। যখন ঐ পুরুষ দেখে যে মৎস্যের হৃদয় বড়্‌শীদ্বারা বিদ্ধ হইয়াছে, আর সে হাতছাড়া হইতে পারিবে না, তখন মৎস্যের পূর্ব্বের বল খর্ব্ব করিবার নিমিত্ত ডোর ছাড়িতে থাকে এবং মৎস্য ডোরের বন্ধন মুক্ত হইয়া স্বাধীন হইয়াছে মনে করিয়া হ্রদের মধ্যে বেগের সহিত নানাদিকে সন্তরণ করিতে থাকে। কিন্তু কিয়ৎকাল এইরূপ সন্তরণ করিলেই তাহার বল ক্রমশঃ হ্রাস হইয়া আসে এবং সে অবসন্ন হয়। তখন পারস্থিত শিকারী অনায়াসে তাহাকে পারে টানিয়া লয়। বড়্‌শী-বিদ্ধ-হইয়া যখন মৎস্য বেগের সহিত হ্রদের জলে সন্তরণ করে, তখন সে মনে করে যে সে জলেই আছে; কিন্তু বাস্তবিক সে তখনও পারস্থিত শিকারীর হস্তে গাঁথাই আছে। জলে থাকিয়াও সে পারে সংলগ্ন। এইরূপ সদ্‌গুরু দীক্ষা দিবামাত্রই তিনি যে শক্তি প্রেরণ করেন তাহা শিষ্যের হৃদয়কে বিদ্ধ করিয়া তথায় অবস্থিতি করে, তৎপর শিষ্যের পূর্ব্ব পূর্ব্ব কর্ম্মার্জ্জিত শক্তির বেগ অনুসারে এক, দুই অথবা তিন জন্মে সংসারের সুখ দুঃখাদি ভোগ করিয়া বিচরণ করে। তাহার সেই শক্তি ক্ষয়িত হইলে সে পাপ বিনির্ম্মুক্ত হইয়া ব্রহ্মে সম্যক্ প্রতিষ্ঠিত হয়। সংসারে বিচরণ করিবার

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সময়ও কিন্তু সে ব্রহ্মের পরাশক্তির দ্বারা নিজের অজ্ঞাতসারেও আবদ্ধ থাকে। মৎস্যকে যেমন বড়্‌শীবিদ্ধ হইবার পরই পারস্থিত পুরুষের হস্তগত বলা যায় অথচ সে জলেই সন্তরণ করে, তদ্রূপ সদ্‌গুরুশক্তির দ্বারা শিষ্য বিদ্ধ হইবার পর হইতেই সংসারে থাকিলেও শিষ্য সংসার হইতে মুক্ত হইয়াছেন বলিয়া শাস্ত্রকারেরা ব্যাখ্যা করিয়া থাকেন। ইহা সম্পূর্ণ সত্যও বটে। কারণ বৃক্ষের মূল ছেদন হইয়া গেলে বাহিরে সে জীবিত থাকিলেও বাস্তবিক সে মৃতই হইয়াছে। তদ্রূপ সংসারে ভোগের মধ্যে থাকিলেও শিষ্য মূলতঃ মুক্ত হইয়াছে। অপর গুরু সম্বন্ধে তাহা নহে। কারণ মুক্তি তাহাদের আয়ত্ত নহে। সদ্‌গুরুর আশ্রয় প্রাপ্ত শিষ্য অনধিক তিন জন্মে সংসার-সম্বন্ধ-রহিত অবশ্য হইবে। কিন্তু অপর গুরুর শিষ্য অনবরত সংসার-মার্গে প্রবর্ত্তিত হইবে। স্বর্গাদি স্থান লাভ তাহাদের হইতে পারে; কিন্তু তথায় ভোগান্তে পুনরায় এই মর্ত্ত্যলোকে আসিতে হইবে। জলে বড়্‌শীবিদ্ধ মৎস্য বিচরণ করে, অপর মৎস্যও বিচরণ করে—দেখিতে একই প্রকার কিন্তু উভয়ের মধ্যে আকাশ পাতাল প্রভেদ। সেইরূপ সদ্‌গুরুর শিষ্য এবং অপর মনুষ্যও সংসারে আছে দেখিতে প্রভেদ নাই, কিন্তু উভয়ের মধ্যে আকাশ পাতাল প্রভেদ। কোন স্ত্রীলোক যখন প্রথমে গর্ভধারণ করে দেখিতে তাহার সহিত অপর স্ত্রীলোকের প্রভেদ নাই। কিন্তু কিছুকাল পরে উভয়ের মধ্যে প্রভেদ দৃষ্ট হয়।

যাঁহারা চক্ষুষ্মান লোক তাঁহারা সদ্‌গুরুর শিষ্যকে দেখিবামাত্র জানিতে পারেন। অতএব অতিশয় মলিন কার্য্যে নিযুক্ত থাকিলেও সদ্‌গুরুর শিষ্যকে অপর হইতে শ্রেষ্ঠ জানিবে। কখনও তাঁহাদিগকে অবজ্ঞা করিবে না। ইতি—

আশীর্ব্বাদক

শ্রীসন্তদাস

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৪

ওঁ হরিঃ

পরমকল্যাণবরেষু,

প্রিয়—,তোমার দিদির নামে যে একখানা পত্র লিখিয়াছ তাহা পাইয়াছি। তোমার মাতাঠাকুরাণীর শরীর এযাবৎ সুস্থ হয় নাই জানিয়া দুঃখিত হইলাম ; তাঁহার এক্ষণে একপ্রকার প্রাচীন অবস্থা। সুতরাং রোগ একবার হইলে সহজে ছাড়িতে চায় না। যাহা হউক দেহধারী মাত্রেরই দুঃখ ও সুখ উভয়ই ভোগ করিতে হয়। যখন যেটির ভোগকাল উপস্থিত হয়, তখন সেটি প্রবল হয়। সুতরাং ধীর ব্যক্তি এই নিমিত্ত ব্যস্ত হয়েন না। তুমি লিখিয়াছ যে তোমার সময় মন্দ অর্থাৎ দুঃখ ভোগের কাল উপস্থিত হইয়াছে। সংসারে কি কাহারও কখন চিরদিন সুখ হইয়া থাকে ? ইন্দ্রেরও পতন হয়। মনুষ্যের ত কথাই নাই। কিন্তু সুখই আসুক অথবা দুঃখই আসুক তাহাতে বুদ্ধিমান ব্যক্তি বিচলিত হয়েন না। সর্ব্বদা প্রফুল্লচিত্ত ও উৎসাহান্বিত থাকিবে। এই সংসারের সহিত দেহধারী জীবের সম্বন্ধ অল্পকাল স্থায়ী। তোমাকে শ্রীগুরু কৃপা করিয়া অপরিসীম শক্তির অধিকারী করিয়াছেন, তুমি সাময়িক সুখে দুঃখে অভিভূত হইয়া আত্মাকে গ্লানিযুক্ত করিও না। যাঁহারা তীর্থে পর্য্যটন করেন, রাস্তায় তাঁহারা নানা প্রকার ক্লেশ সময় সময় ভোগ করিয়াও তাহা গ্রাহ্য করেন না। পরন্তু পরে যে ভগবৎ মূর্ত্তি দর্শন করিবেন সেই আশায় আনন্দের সহিতই রাস্তার কষ্ট ধারণ করিয়া থাকেন। এই সংসার যাত্রাও

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এইরূপ রাস্তায় চলা বলিয়া মনে করিবে। এই রাস্তায় চলিতে চলিতে বহু লোকের সহিত পরিচয় ও আত্মীয়তা জন্মে কিন্তু তাহা সাময়িক। তোমার পিতা যেমন চলিয়া গিয়াছেন, তোমার মাতাও এককালে যাইবেন। এবং অপর সকলেই এইরূপ একে একে যাইবে। এইজন্য চিন্তা হওয়া কিছু নহে। এক গুরুপদই চিরসঙ্গী—ইহা সর্ব্বদা অন্তরে ধারণা রাখিয়া বীরের ন্যায় যখন যে অবস্থা আসে তাহাতে ধৈর্য্য অবলম্বন করিবে এবং মনে সর্ব্বদা উৎসাহ ও প্রসন্নতা রক্ষা করিবে। খেলা করিবার সময়ে যেমন কেহ স্বপক্ষ কেহ বিপক্ষ হয়, তদ্রূপ শত্রুর সহিতও খেলা করিবার মতন বিপক্ষতাচরণ করিতে হয়। অন্তরে অপ্রেম পোষণ করা নির্বুদ্ধির কার্য্য। আমার এই সকল কথা সর্ব্বদা স্মরণ রাখিবে।

আর মাস দুই পড়িলে তোমার মলমাসতত্ত্ব সমাপন হয়—তবেই একপ্রকার স্মৃতি পড়া শেষ হয়। অতএব যত শীঘ্র পার একবার ২।৩ মাসের জন্য আসিয়া স্মৃতি পড়া কার্য্য সমাপন করিয়া গেলে ভাল হয়। যদি একান্তই না আসিতে পার তবে তন্নিমিত্ত মনে কষ্টবোধ করিও না। যেমন বিধাতার ইচ্ছা তদ্রূপই জীবন যাপন করিবে এবং মনে স্ফূর্ত্তি রাখিবে। মূল কথা—ভজনই জীবনের চিরসঙ্গী জানিবে। এবং শেষ রাত্রে উঠিয়া শৌচাদি কার্য্য সমাপন করিয়া গুরুদত্ত মন্ত্র জপ ও তাহা চেতন করিতে সর্ব্বদা যত্ন করিবে। মন্ত্র চেতন হইলেই সমুদায় দুঃখ বন্ধন মোচন হইবে।

আশীর্ব্বাদক—

শ্রীসন্তদাস

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৫

ওঁ হরিঃ

পরমকল্যাণবরেষু,

প্রিয়—, তোমার আগ্রহেই দীক্ষা দিয়াছি। পরন্তু যে দীক্ষা দিয়াছি তাহাতে কোন প্রকার দোষ হয় নাই। বেদোক্ত মন্ত্রে আছে যে সমস্ত দেবগণও বিষ্ণুর উপাসনা করিয়া থাকেন। কারণ তিনি সর্ব্বব্যাপক। 'তদ্বিষ্ণোঃ পরমং পদং সদা পশ্যন্তি সূরয়ঃ দিবীবঃ চক্ষুরাততম্' ইত্যাদি বৈদিক মন্ত্র সর্ব্বদাই সমস্ত কার্য্যে ব্রাহ্মণগণ কীর্ত্তন করিয়া থাকেন। ব্রাহ্মণ জাতির জাতিগত দেবতাই বিষ্ণু। এজন্য ব্রাহ্মণ জাতি বিশেষিত হইয়াছে। সুতরাং ব্রাহ্মণ গৃহে বিষ্ণুমূর্ত্তি শালগ্রামরহিত হইয়া থাকা নিষিদ্ধ। "ব্রহ্মণ্যদেবায়" বলিয়া বিষ্ণুকে প্রণাম করা হয়। তুমি এইখানে থাকিতে এই বিষয় জিজ্ঞাসা করিলে শাস্ত্র প্রমাণ অনেক দিতে পারিতাম। পত্রে তাহা লেখা সুবিধাজনক নয়। ইহা জানিবে যে বিষ্ণুর উপাসনাতে কোন দেবতা অসন্তুষ্ট হয়েন না। পক্ষান্তরে সকলেই সেই সাধকের সহায়-কারী হইয়া থাকেন; কারণ বিষ্ণু উপাসক কোন দেব দেবীকেই দ্বেষ করেন না। পরন্তু সর্ব্বব্যাপী বিষ্ণুরই বিভূতি বলিয়া সকলকে মান্য করেন। সমস্ত দেবতাকেই বিষ্ণু বুদ্ধিতে দণ্ডবৎ করিতে আমি তোমাকে উপদেশও করিয়া দিয়াছি। আর অধিক লেখা নিষ্প্রয়োজন। তুমি আনন্দ লাভ কর এই ইচ্ছা করি। ইতি— আশীর্ব্বাদক

শ্রীসন্তদাস

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৬

ওঁ হরিঃ

পরমকল্যাণবরেষু,

প্রিয়—, তুমি আমার আশীর্ব্বাদ জানিবে। গৌড়ীয় সম্প্রদায়ের লোক মালাতে যেমন হরেকৃষ্ণ নাম জপ করে, নিজ ইষ্টমন্ত্র জপ করে না, আমাদের তদ্রূপ নয়। আমাদের ইষ্টমন্ত্র মালাতে জপ করিতে হয়। এবং সকল অবস্থায় ইষ্ট মন্ত্রই মালাতে জপ করিতে হয়। পরমগুরু (পরমেশ্বর) কোন দেহ আশ্রয় করিয়া মন্ত্র দান করেন ও শিষ্য করিয়া থাকেন। নিজে গুরু এই বুদ্ধি করিলে নিজের অনিষ্ট হয় এবং শিষ্যেরও উপকার হয় না। অতএব দীক্ষা দিয়া শিষ্য করিবার সময় ইহাই মনে মনে নিশ্চয়ই ধারণা রাখিতে হয় যে, পূর্ব্ব পূর্ব্ব আচার্য্য পরম্পরাগত গুরুশক্তি আমার নিজের দীক্ষার কালে আমার দেহে প্রবিষ্ট হইয়াছে, সেই গুরুশক্তি শিষ্যে প্রবিষ্ট হইবে। সেই শক্তিই শিষ্যের গুরু হইবে। আমার দেহ কেবল সেই শক্তির আশ্রয় মাত্র। দীক্ষার সময় শিষ্যে গুরুশক্তি প্রবিষ্ট হইলে নিজের গুরুই শিষ্য দেহে প্রতিষ্ঠিত হইল জানিয়া অন্তরে তাহাকে মর্য্যাদা করিতে হইবে। এইরূপ ভাবে দীক্ষা যদি দিতে পার তবে অন্যকে দীক্ষা দিবে। দীক্ষার সময় শিষ্যকে ভগবানে দান করিয়া সমর্পণ করিতে হয়। ইতি—

আশীর্ব্বাদক

শ্রীসন্তদাস

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৭

ওঁ হরিঃ

পরমকল্যাণবরেষু,

প্রিয়—,তুলসী মাল্য সর্ব্বদা মঙ্গলই করিয়া থাকে। ইহাতে ভগবানের বিশেষ অধিষ্ঠান আছে। এই জন্যই তুলসীমাল্য ধারণ করা উচিত। ইহাকে অবজ্ঞা করা উচিত নয়। এইরূপ আর কখনও করিও না। ইতি— আশীর্ব্বাদক—শ্রীসন্তদাস

৮

ওঁ হরিঃ

প্রিয়——,

তোমার পত্র পাইয়াছি। তুমি আমার আশীর্ব্বাদ জানিবে। বল তুমি বাহির হইতে প্রার্থনা কর কেন? সর্ব্বশক্তিযুক্ত ভগবৎ নাম তুমি পাইয়াছ; খুব দৃঢ় নিষ্ঠার সহিত সেই নাম স্মরণ করিতে থাক, অন্তর হইতে শক্তি উদ্ভূত হইবে, সকল কার্য্যে বল লাভ হইবে। কোন চিন্তা করিও না। কেবল "হা হতোস্মি" করা পুরুষের কার্য্য নহে। ভগবান গীতায় বলিয়াছেন "উদ্ধরেদাত্মনাত্মানং নাত্মানমবসাদয়েৎ"। যিনি "হা হতোস্মি" ভাব অন্তরে রক্ষা করেন, তিনি নিজের পরম শত্রু কারণ তিনি তাহার বুদ্ধিকে এই তামস ভাবের দ্বারা বশীভূত হইতে দিয়াছেন; এবং সেই বশীভূত ভাবই পোষণ করিতে ইচ্ছা করেন। বাস্তবিক সর্ব্বতোভাবে এই তামস বৃত্তিকে ঝাড়িয়া ফেলা সর্ব্বদা কর্ত্তব্য। ইহা ঝাড়িয়া ফেলিয়া নিজ অবধারিত সেবার কার্য্য ও ভজনে মনোনিবেশ করিতে অবিরত যত্ন করা উচিত। ইতি—

আশীর্ব্বাদক—শ্রীসন্তদাস

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৯

ওঁ হরিঃ

প্রিয়——,

তোমার পত্র পাইয়াছি। তুমি আমার আশীর্ব্বাদ জানিবে কালীয় নাগ ভগবানের সহিত সংগ্রাম করিয়া যখন তাঁহার হস্তে পরাভূত হইল তখন নিস্তেজ হইয়া তাঁহাকে এইরূপ স্তুতি করিল যে, তিনি তাহাকে তমোস্তণাক্রান্ত মহাক্রোধী, দম্ভী ও হিংসুক করিয়া সর্প-যোনিতে বিষধর করিয়া সৃজন করিয়াছেন; সেই প্রকৃতি দ্বারা প্রেরিত হইয়া যে তাঁহার অনিষ্ট করিতে চেষ্টা করিয়াছে, ইহাতে তাহার কি অপরাধ হইতে পারে? এই সকল বাক্যে তিনি (ভগবান) সন্তুষ্ট হইয়া তাহাকে অভয় প্রদান করিলেন। বস্তুতঃ প্রত্যেক জীবকে বিশেষ বিশেষ প্রকারের কর্ম্ম করিবার শক্তি দিয়া তিনি সৃজন করিয়াছেন। ভালই হউক, মন্দই হউক সে তদ্রূপ কর্ম্ম করিয়া থাকে। তোমাকে যেরূপ শক্তি ও গুণ দিয়াছেন তদ্রূপ অবশ হইয়া তুমি করিতেছ, ইচ্ছা করিলেও তাহা পরিবর্ত্তন করিতে পার না। তবে অনুতাপ কেন কর? সাধ্যমতন চেষ্টা করিয়া যেরূপ সততা রক্ষা করিতে পার কার্য্যতঃ তাহাতেই সন্তোষ সর্ব্বদা অন্তরে রাখিতে চেষ্টা করিবে! তোমার চেষ্টার ফল তোমার হাতে নহে; অতএব বিশেষ ফলাশা পরিত্যাগ করিয়া কর্ত্তব্য কার্য্যে চেষ্টা করিয়া অন্তরে সর্ব্বদা সন্তোষ রাখিতে প্রযত্ন কর। নিরাশ হইবার কিছুই কারণ নাই জানিবে।

ইতি—

আশীর্ব্বাদক

শ্রীসন্তদাস

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১০

ওঁ হরিঃ

প্রিয়——,

তোমার পত্র পাইয়াছি। তুমি আমার আশীর্ব্বাদ জানিবে। তুমি সাধ্যমতন চেষ্টা করিয়া চিত্তের স্থির ভাব রাখিতে অভ্যাস কর। এইটি করিতে পারিলে এই পরীক্ষায় তুমি জয় লাভ করিতে পারিবে। সত্যের জয় যে বলা হয় তাহাতে সত্যের এক অর্থ ভগবান, কারণ তিনি একমাত্র সত্য বস্তু। তাঁহার জয় ত সর্ব্বত্রই হয় কারণ তাঁহার বিরোধী কেহই নাই। সত্য বাক্য এবং সত্য ব্যবহারও ঐ সত্য শব্দের অর্থ হয়। কিন্তু তাহার জয় সর্ব্বদা হইতে দেখা যায় না। যুধিষ্ঠির মহারাজ সত্যাশ্রয়ী ছিলেন কিন্তু কপট পাশা খেলাতে তিনি পরাজিত হইয়া বহু দুঃখ পাইলেন। এইরূপ কপটতা ও ছলনার দ্বারা শ্রীরামচন্দ্র নিজে পত্নীহারা হইলেন। বিশ্বাসঘাতকতা ছলনা ও প্রবঞ্চনা দ্বারা ভারতবর্ষ পরহস্তগত হইয়াছে ইহাও বিধাতারই বিধান। এইরূপ চিন্তার দ্বারা তুমি চিত্তকে স্থির করিবে। ইতি—

আশীর্ব্বাদক

শ্রীসন্তদাস

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১১

ওঁ হরিঃ

প্রিয়——,

তোমার পত্র পাইয়াছি। তুমি আমার আশীর্ব্বাদ জানিবে। ইহা নিশ্চয় জানিবে যে গৃহস্থাশ্রম অবলম্বন করিয়া নিজের প্রতি সর্ব্বদা ভগবদ্দাসবুদ্ধি রাখিয়া আলস্য বর্জ্জনপূর্ব্বক সাধ্যানুসারে যত্ন করিয়া যদি জাগতিক সকল জীবের সেবা কেহ করে, তবে তাদ্দারাই সে উচ্চ গতি লাভ করিতে পারে। সমস্ত জাগতিক জীবই ভগবানের অঙ্গ-প্রসূত। সকল ঘটে তিনিই বিরাজমান আছেন ইহা জানিয়া কাহারো প্রতি বিদ্বেষ ভাব না রাখিয়া যদি সকলের সেবা প্রীতিপূর্ব্বক করা যায় তবে ভগবান তাহাতেই শীঘ্র প্রসন্ন হন। গৃহস্থাশ্রম পরিত্যাগ যাঁহারা করেন তাঁহাদিগকেও এই সেবাতেই প্রবর্ত্তিত হইতে হয়। ধ্যান ও সমাধি অবলম্বন করা অতি অল্প লোকেরই সাধ্যায়ত্ত হয়। সুতরাং যাঁহারা সৌভাগ্যশালী তাঁহারা ভগবৎ সেবাতেই আপনাকে নিযুক্ত করেন। তবে গৃহস্থাশ্রম পরিত্যাগ করিয়া আসিলে তাহাদের ভোগেচ্ছা পরে উদয় হইলে তখন অনুতাপ করিতে হয়। অতএব মনে দৃঢ় বৈরাগ্য আসিলেই গৃহস্থাশ্রম পরিত্যাগ করা উচিত। তুমি এখন নিষ্ঠার সহিত ভজন করিতে থাক এবং আমি যেরূপ বলিলাম তদ্রূপ সেবা বুদ্ধিতে নিজেকে সকলের সেবক এই মনে করিয়া সমস্ত কাজ কর্ম্ম করিতে থাক। অত্র মঙ্গল। ইতি—

আশীর্ব্বাদক

শ্রীসন্তদাস

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১২

ওঁ হরিঃ

প্রিয়——,

তোমার পত্র পাইয়াছি। তুমি আমার আশীর্ব্বাদ জানিবে। আধ্যাত্মিক উন্নতির চেষ্টায় কৃতকার্য্য হও এই আশীর্ব্বাদ করি। তবে মন স্থির সহজে হয় না। অবশ্য তন্নিমিত্ত সর্ব্বদা চেষ্টা করিবে; তবে শীঘ্র আয়াত্ত হওয়া কঠিন। খুব ভক্তিপূর্ব্বক নাম করিতে থাক ইহাতেই ভগবৎ কৃপা হইবে। চিন্তিত হইও না। পরে যখন আমার সহিত দেখা হইবে তখন তুমি জিজ্ঞাসু হইলে সকল কথা বলিয়া দিব। অত্র মঙ্গল। ইতি

আশীর্ব্বাদক

শ্রীসন্তদাস

১৩

ওঁ হরিঃ

প্রিয়—,

তোমার পত্র পাইয়াছি। আমার আশীর্ব্বাদ জানিবে। কর্ম্মস্থলে থাকিয়া সাধ্যানুসারে ভজন করিতে ত্রুটি করিবে না। যাহা সাধ্যের অতীত তৎসম্বন্ধে কোন প্রতিকার হইতে পারে না। অল্প সময়ও ভক্তিপূর্ব্বক ভগবানকে ডাকিলে, তাঁহার স্মরণ করিলে তিনি প্রসন্ন হয়েন। অতএব তুমি চিন্তিত হইও না। সময়ানুসারে ধীরে ধীরে সব খুলিবে। তুমি সর্ব্বপ্রকার কল্যাণ লাভ কর এই ইচ্ছা করি। চাকুরী ছাড়িবার সময় এখন তোমার নয়। অত্র মঙ্গল। ইতি

আশীর্ব্বাদক

শ্রীসন্তদাস

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১৪

ওঁ হরিঃ

প্রিয়—

তোমার পত্র পাইয়াছি। আমার আশীর্ব্বাদ জানিবে। শরীরের বৃত্তিসকল সর্ব্বদা সমান থাকে না। সঙ্গদোষে কখনো কখনো কুপ্রবৃত্তি সকলও উত্তেজিত হইয়া উঠে। ইহা দেখিয়া নিরাশ হইতে নাই। ভগবৎ কৃপায় দোষাবহ বৃত্তিসকলের বেগ ক্রমশঃ কমিয়া যাইবে। বৈরাগ্য আশ্রম অবলম্বন করিয়া তাহাতে অগ্রসর হওয়া বড় কঠিন। কি কারণে কঠিন তাহা পত্রে লিখা সুবিধাজনক নহে। অনেক লিখিতে হয়। কখনো দেখা করিয়া তুমি ইচ্ছা করিলে জানিতে পারিবে। তুমি উপদেশ অনুসারে লিখিতরূপে নাম জপ ও ভজন করিবে। তাহাতে সমস্ত দোষ ক্রমশঃ কাটিয়া যাইবে। কিন্তু একটি কথা মনে রাখিবে যে বৈষ্ণবের পক্ষে অপর কাহাকেও অন্তরে ক্লেশ না দেওয়া একটি প্রধান কর্ত্তব্য। এইরূপ কার্য্যকে তুমি সর্ব্বদা মনে ভয় করিবে। তোমার আর কয়েক বৎসর চাকুরীর দ্বারাই পূর্ণ পেনসন হইতে পারে। এখনো শরীর বেশ সমর্থ আছে। সকল অবস্থা বিবেচনা করিয়া এইক্ষণ তোমার চাকুরী পরিত্যাগ করা তোমার পক্ষে সঙ্গত নয় বলিয়া আমি বোধ করি। তুমি কল্যাণ লাভ কর ও আনন্দে থাক এই ইচ্ছা করি। অত্র মঙ্গল। ইতি

আশীর্ব্বাদক

শ্রীসন্তদাস

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১৫

ওঁ হরিঃ

পরম কল্যাণীয়াসু

প্রিয়——,

তোমার পত্র পাইয়াছি। তুমি ও শ্রীমতী আমার আশীর্ব্বাদ জানিবে। শ্রীমতীর কথায় তুমি মনে অত্যন্ত ক্লেশ পাইয়াছ ইহা স্বাভাবিকই বটে, এমন কথা বলিলে ক্লেশ সকলেরই হইয়া থাকে কিন্তু আমি তোমাকে বলিতেছি তুমি মনে এই ক্লেশ পোষণ করিও না। পরিবারের কর্ত্তা যে হয় এবং দশ জনের নায়ক যে হয়, তাহাকে এইরূপ বাক্য অনেক সহ্য করিতে হয়। কারণ তাহার অভিপ্রায় সকলে বুঝে না। এই জন্য তাহার উপর দোষারোপ করিয়া অনেকে অনেক কুবাক্য বলিয়া থাকে, ইহা সর্ব্বত্রই দৃষ্ট হইয়া থাকে। আমি এই আশ্রমের ভার প্রাপ্ত হইয়াছি। প্রথমে আমার গুরুভাই কেহ কেহ এই আশ্রমে ছিলেন; আশ্রমের নিয়মানুসারে তাঁহাদের স্বাধীন-ভাবে চলা অনেক সময়ে বিঘ্ন হইত, সুতরাং তাঁহারা ক্রুদ্ধ হইয়া নানা-স্থানে এবং কলিকাতায় গৃহস্থ গুরুভ্রাতাদের নিকট দোষারোপ করিতেন। এমন কি মিথ্যা করিয়াও অপবাদ দিতেন। আমি গৃহস্থাশ্রমে থাকা কালে ও শ্রীগুরুদেবের পরলোক গমনের পর আশ্রমের ভার আমার উপরেই ছিল। সেই সময় আমার গুরুদেবের ত্যক্ত বহু অর্থও সম্পত্তি আমি আত্মসাৎ করিয়াছি ও করিতেছি বলিয়া কেঁহ কেঁহ আমার নামে অপবাদ রটনা করিতে ত্রুটি করেন নাই। তৎসমস্ত আমাকে নীরবে সহ্য করিতে হইয়াছিল; নীরবে তাহা সহ্য করিয়া আমি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তাঁহাদের প্রতি সৎভাব রক্ষা করিতে ত্রুটী করি নাই ; তাঁহার ফলে সেই সকল অপবাদ আপনা হইতেই অকর্ম্মণ্য ও মিথ্যা বলিয়া প্রতিপন্ন হয়। তুমি একথা সর্ব্বদা স্মরণ রাখিবে যে ভগবান সর্ব্বদর্শী এবং সর্ব্বত্র বিদ্যমান। তাঁহা হইতে কেহ কখনো কিছু গোপন করিয়া রাখিতে পারে না। যে যে কর্ম্ম করে তাহার ফলদাতা তিনিই, অন্য কেহ নয় ; তবে অন্যের কথায় কি হইতে পারে ? অতএব এইরূপ কথা তুমি মোটেই গ্রাহ্য করিবে না।

ভগবানের নিকট খাঁটি থাকিলে এই সকল মিথ্যা অপবাদ আপনা হইতেই মিথ্যা বলিয়া সকলের নিকট প্রতিপন্ন হইয়া যায়। এই সকল নিন্দা অথবা স্তুতিতে যাঁহাদের চিত্ত স্থির থাকে তাঁহারাই যথার্থ সাধু। ভগবান তাঁহার অনুগত জনের উপর অনেক সময় মিথ্যাপবাদাদি উপস্থিত করিয়া থাকেন তাঁহাদিগের চিত্তকে নির্ম্মল করিবার জন্য। এই সকলকে অম্লান বদনে সহ্য করিতে পারা আবশ্যক। তুমি আমার এই সকল কথা সর্ব্বদা স্মরণ রাখিয়া সর্ব্বদা ভগবানের নিকট খাঁটি থাকিতে এবং মনের প্রসন্নতা সর্ব্বদা রক্ষা করিতে যত্ন করিবে। যাহাদের মুখ দিয়া অপবাদ উপস্থিত করেন তাহাদিগকে তোমার মনের এই শোধন কার্য্যের সহায়কারী মনে করিয়া তাহাদের প্রতি প্রসন্নতা সর্ব্বদা রক্ষা করিতে চেষ্টা করিবে। ইহাতে ভগবান শীঘ্র তোমার উপর প্রসন্ন হইয়া তোমার বিশেষ কল্যাণ বিধান করিবেন। তুমি সর্ব্বপ্রকার কল্যাণ লাভ কর এই ইচ্ছা করি। আমার শরীর এক্ষণে একপ্রকার ভালই আছে এবং আশ্রমস্থ সকলে কুশলে আছেন জানিবে। ইতি

আশীর্ব্বাদক—শ্রীসন্তদাস

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১৬

ওঁ হরিঃ

পরম কল্যাণবরেষু,

প্রিয় ! তোমার ২৩শে ভাদ্র তারিখের পত্র গতকল্য ৫ই আশ্বিন পাইয়াছি। বোধ করি শ্রীভগবৎ কৃপায় তোমার ভগিনীর বিবাহ নির্বিঘ্নে সম্পাদিত হইয়াছে। বিবাহে সকলে সুখী হও এই ইচ্ছা করি।

মৃত্তিকার গর্ভে বহু মূল্যবান বৃক্ষের বীজ থাকে তাহা টের পাওয়া যায় না। কালক্রমে সেই বীজ অঙ্কুরিত হইলে বৃক্ষ প্রকাশিত হয়। স্ত্রীলোক গর্ভধারণ করিলেই তাহা অনুভব করিতে পারে না। অন্ততঃ ৩।৪ মাস গেলে তাহার লক্ষণ সকল ক্রমশঃ প্রকাশিত হয়। মোক্ষবীজও এইরূপে জানিবে, ইহা অব্যর্থ বীজ ; কিন্তু ফুটিতে কাহার কাহার সম্বন্ধে খুব বিলম্ব হয়। কাহার কাহার সম্বন্ধে খুব শীঘ্র হয়। ইহাতে ব্যস্ত হইও না। বাহিরের কর্ম্মের প্রতি অন্তর হইতে যখন বৃত্তি নিরুদ্ধ হইবে, তখন বুঝিবে নিশ্চিতরূপে যে নিজের সামর্থ্য কিছুই নাই। কাহার উপকার কি অপকার, সুখ অথবা দুঃখ দান কিছুই প্রভু পরমেশ্বরের ইচ্ছা ব্যতীত কাহার দ্বারা সাধিত হইতে পারে না ; তখন চিত্ত অন্তর্মুখী হইবে এবং যথার্থ ভজন আরম্ভ হইবে। তুমি ব্যস্ত হইও না। ব্যস্ততায় বিলম্ব হইয়া যায় বলিয়া মহাভারতের সনৎসুজাত প্রকরণে ভগবান সনৎকুমার উপদেশ করিয়াছেন। 'গুরু কৃপা করিয়াছেন আমার নিশ্চয়ই লাভ হইবে' এই দৃঢ় বিশ্বাস অন্তরে ধারণ করিয়া যথাসাধ্য উপদিষ্ট প্রণালীতে সাধন করিতে থাক এবং সর্ব্বজীবে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দয়াভাব সর্ব্বদা পোষণ করিতে অভ্যাস কর, তাহাতে ক্রমে ক্রমে চিত্ত নির্ম্মল হইতে থাকিবে।

গুরু-শিষ্য সংবাদ গ্রন্থ বারম্বার পাঠ করিতে চেষ্টা করিবে। প্রত্যহ ইহাতে প্রদত্ত উপদেশ সকল নিবিষ্ট চিত্তে চিন্তা করিয়া তাহা ধারণ করিতে চেষ্টা করিবে। অত্র মঙ্গল। তুমি আমার আশীর্ব্বাদ জানিবে দেহান্তে তোমার উচ্চগতি নিশ্চিতরূপে অবধারিত আছে ইহা জানিয়া সদা সন্তুষ্টচিত্তে থাকিয়া প্রীতির সহিত ভগবানের জীব-মূর্ত্তি সকলের সেবা সাধ্যানুসারে করিতে যত্ন করিবে। ইহাতেই পরম গতি প্রাপ্ত হইবে। ইতি

আশীর্ব্বাদক—শ্রীসন্তদাস

১৭

ওঁ হরিঃ

পরম কল্যাণবরেষু,

প্রিয়! তোমার পত্র পাইয়াছি। তুমি আমার আশীর্ব্বাদ জানিবে যখনই তোমার অবসর ও সুবিধা হইবে তখনই তুমি আশ্রমে আসিয়া যাইতে পার তাহাতে কোন বাধা নাই! তোমার তথাকার কা আসিয়াছিল এবং তাহা শ্রীশ্রীঠাকুরজীর ভোগে লাগান হইয়াছে তুমি এত চিন্তিত হইও না, ধীরে ধীরে সব ভালই দেখিতে পাইবে দেখ, ভগবান নিজে পাণ্ডবদিগের সহায় ছিলেন, তথাপি বনবাস সভাস্থলে অকথ্য অপমান এবং বহুবিধ ক্লেশ পাণ্ডবদিগকে ভোগ করিতে হইয়াছিল; তৎপর তাঁহারা সুদিন দেখিতে পাইয়াছিলেন। জন্মান্তরে কর্ম্মের ভোগের বেগ তোমাদের সম্বন্ধে হ্রাস প্রাপ্ত হইবে। তোমাদি গকে তত ব্যথিত করিতে পারিবেনা। পরন্তু ভজন পথে যাহারা চলে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তাহাদের পক্ষে উতলা হওয়া দোষের মধ্যে গণ্য ঋষিরা করিয়াছেন। তাহাতে অধিক বিলম্ব হইয়া যায়। তুমি আশ্বস্ত মনে নিষ্ঠার সহিত ভজন করিতে অভ্যাস কর তাহাতে পথ শীঘ্র ফুরাইবে। অত্র মঙ্গল। ইতি

আশীর্ব্বাদক—শ্রীসন্তদাস

১৮

ওঁ হরীঃ

পরম কল্যাণবরেষু,

প্রিয়! তোমার পত্র পাইয়াছি। নিজের আভ্যন্তরিক চরিত্র প্রতিদিনই অন্তরের প্রতি লক্ষ্য করিয়া পরীক্ষা করা ভাল সন্দেহ নাই, তাহাতে যেখানে যেখানে অভাব থাকা বোধ বোধ হয়, সেই খানে পরে বিশেষ লক্ষ্য রাখিলে তাহা সংশোধিত হইবার পক্ষে সুবিধা হয়, কিন্তু এইরূপ পরীক্ষার দ্বারা আভ্যন্তরিক প্রকৃতির পরিবর্ত্তন লক্ষ্য করা বড় কঠিন। বৈজ্ঞানিকেরা বলেন শুনিয়াছি যে, ১২ অথবা ১৮ বৎসর পরে শরীরের সমস্ত পরমাণু একেবারে বদলাইয়া যায়। বস্তুতঃ চেহারাও পরিবর্ত্তন হইয়া যায়। কিন্তু এই পরিবর্ত্তন প্রত্যহ অল্পে অল্পে সংসাধিত হয়। তাহা কি নিজে অথবা সর্ব্বদা যাহারা নিকটে থাকে তাহারা কোন প্রকারে অনুভব করিতে পারে? শারীরিক পরিবর্ত্তন ত খুব স্থূল পবিবর্ত্তন, তাহাই যদি অনুভব করিতে পারা না যায়, তবে আভ্যন্তরিক পরিবর্ত্তন ত অতি সূক্ষ্ম তাহা কিরূপে সহজে ধরিতে পারিবে বলিয়া মনে করিতে পার? আভ্যন্তরিক গঠনের

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পরিবর্ত্তন অতি দীর্ঘকালে হয়, তাহা ধরাও অতি কঠিন। কারণ খুব সূক্ষ্ম দৃষ্টিতেই তাহা ধড়ে, সকলের তদ্রূপ নিরপেক্ষ সূক্ষ্ম দৃষ্টি নাই।

আর একটি কথা বলিতেছি। আভ্যন্তরিক প্রকৃতির (এবং বাহ্য চেহারারও) পরিবর্ত্তন সম্পূর্ণরূপে কাহারও হয় না। বালক কালের চেহারা এবং ৮০ বৎসরের বৃদ্ধের চেহারাতে অনেক প্রভেদ থাকিলেও সূক্ষ্ম বিচারে তদুভয়ের মধ্যে সাদৃশ্য থাকা দৃষ্ট হয়। তদ্রূপ আভ্যন্তরিক যেরূপ প্রকৃতি লইয়া একজন জন্ম গ্রহণ করে তাহার সম্পূর্ণ পরিবর্ত্তন ইহজন্মে হয় না। কাচা আম ও পাকা আমে অনেক প্রভেদ হয় কিন্তু আম আমই থাকে, কাঁঠাল হইয়া যায় না। ভগবান্ কোন বিশেষ শ্রেণীর কার্য্যের নিমিত্ত প্রত্যেক বিশেষ লোককে সৃষ্টি করেন। তদনুরূপ প্রকৃতি জন্মাবধি তাহার হয়; সেই প্রকৃতির সম্পূর্ণ পরিবর্ত্তন কদাপি হয় না। কারণ তাহা হইলে সেই বিশেষ শ্রেণীর কার্য্য আর তাহার দ্বারা হইতে পারে না। দুর্ব্বাসা ঋষি পূর্ণ ব্রহ্মজ্ঞ ছিলেন কিন্তু রুদ্রাংশে তাঁহার জন্ম—তন্নিমিত্ত জগতের বিনাশকারী ভগবান রুদ্রের প্রকৃতি সুলভ ক্রোধ দুর্ব্বাসা ঋষিরও সর্ব্বদা ছিল। কিন্তু এই ক্রোধ তাঁহাকে স্পর্শ করিতে পারিত না। গীতায় ভগবান বলিয়াছেন :—

যস্য নাহংকৃতো ভাবো বুদ্ধির্য্যস্য ন লিপ্যতে।
হত্বাঽপি স ইমাল্লোকান্ ন হন্তি ন নিবধ্যতে॥ (১৮।১৭)

অতএব তুমি জানিবে যে, তুমি যে প্রকৃতি লইয়া জন্ম গ্রহণ করিয়াছ তাহা সম্পূর্ণরূপে পরিবর্ত্তিত কদাপি হইবে না; ইহা থাকিবার প্রয়োজন ভগবানের রাজ্যে আছে। তন্নিমিত্ত তোমাকে এই প্রকৃতির সহিত সৃষ্টি করিয়াছেন। সর্প হিংসুক তাহারও প্রয়োজন আছে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বলিয়াই বিধাতা তাহাকে এইরূপ প্রকৃতি দিয়া সৃষ্টি করিয়াছেন। ইহার দ্বারা এইরূপ বুঝিবে না যে প্রকৃতির সংশোধন করিতে চেষ্টা করিবে না আমি এইরূপ বলিতেছি। চেষ্টা অবশ্যই করিবে এবং পরিবর্ত্তনও ভগবদিচ্ছায় ক্রমশঃ হইবে। তবে সম্পূর্ণ পরিবর্ত্তন হইবে না।

যাহা হউক এই সকলও একপ্রকার বাহিরের কথা বলিলাম, তুমি নিয়ত এই একটি সাধন করিতে অভ্যাস কর; অবশ্য ইহা অতি কঠিন, কিন্তু অভ্যাস করিতে যত্ন সর্ব্বদাই করা উচিত এবং এইরূপ যত্নেও ভগবান্ প্রসন্ন হয়েন। সেই সাধনটী এই, ভগবান্‌কে প্রত্যেক জীবের (ময় তোমার) প্রত্যেক কার্য্যের নিয়ন্তা সুতরাং প্রত্যেক জীব যে কার্য্য করিতেছে, তাহা তাঁহারই প্রেরিত সুতরাং তন্নিমিত্ত তাহার প্রতি বিদ্বেষ-বুদ্ধি রক্ষা করা অকর্ত্তব্য'; এক কথায় কাহারও কার্য্যকে দোষ দৃষ্টিতে দর্শন করিবে না। এই একটী কথা স্মরণ রাখিলে হিংসা দ্বেষ প্রভৃতি সকল বিষয় হইতে তুমি নির্লিপ্ত হইবে। অবশ্য বাহিরে কার্য্য করিতে যে যে স্থলে যেরূপ কর্ত্তব্য বলিয়া শাস্ত্রে অবধারণ করা হইয়াছে তদ্রূপ কার্য্য করিবে কিন্তু ইহা থিয়েটারের actingএর মতন কার্য্য তাহাতে নির্লিপ্ততা থাকে। এই কথাগুলি মনে রাখিলে তুমি কদাপি মোহে পতিত হইবে না।

অন্যের দিক দেখিবার তোমার কোন প্রয়োজন নাই। নিজের মনকে নিজের পরিচালক করিয়া যাঁহারা রাখেন, তাঁহাদের পদে পদে বিপদ আছে। তবে ব্রহ্মচর্য্য বিদ্যালয়ে তোমরা অধ্যাপক হইয়া আছ, ইহাতে আচার নিষ্ঠাই প্রধানতঃ রক্ষণীয়; তাহাতে যাঁহারা শ্রদ্ধাহীন হয়েন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তাঁহাদের পক্ষে এইরূপ নেতা হওয়া কপটতা মাত্র হয়। তবে এখন কালস্রোত বড় তীব্র বেগের ; ইহার অধীন হইয়া সকলকেই চলিতে হইতেছে। তাহারা কি করিয়া সহজে আপনাকে রক্ষা করিবে ? কিন্তু তাহাদিগকে দেখিয়া তোমার হতাশ হইবার প্রয়োজন নাই ; তুমি ঋষিদিগের মার্গ লাভ করিয়া তাঁহাদের আশ্রয় পাইয়াছ। তোমার ভয় কিছু নাই। জাহাজের সঙ্গে নৌকা বাঁধিয়া দিলে সেই নৌকা নৌকাই থাকিয়া যায়। সে কখনো জাহাজ হইয়া যায় না ; কিন্তু তথাপি সে সমুদ্র লঙ্ঘন করিয়া যায়। এইরূপ আমরা নিজে যতই ক্ষুদ্র হই না কেন মহতের আশ্রয় লাভ করিয়াছি, অতএব অবশ্য ভব-সমুদ্র উত্তীর্ণ হইব এইরূপ বিশ্বাস সর্ব্বদা অন্তরে রাখিবে। আর যথার্থ জিনিষ, অতি সহজে তাড়াতাড়ি পাওয়া যায় না। ভোজ-বিদ্যাতেই অতি অল্প সময়ে নানা অদ্ভুত পরিবর্ত্তন দৃষ্ট হয়। সত্য সত্য পরিবর্ত্তন এইরূপ রাতারাতি হয় না। অল্পদিন একটা বিষয় অভ্যাস করিলে (যেমন তামাক খাওয়া) সেই অভ্যাস পরিবর্ত্তন করিতে কত সময় লাগে। ইহাতে অনন্ত কালের জীব তুমি ; অনন্তকাল ধরিয়া ভেদ বুদ্ধির সংস্কার দৃঢ় হইয়া আসিয়াছে তজ্জনিত দোষ (কাম, ক্রোধ, হিংসা প্রভৃতি) সংস্কারও সুতরাং তদ্রূপই দৃঢ় হইয়া আসিয়াছে ; তাহা দুই এক বৎসরেই একেবারে চলিয়া যাইবে ইহা কিরূপে আশা করিতে পার ? আর পরিবর্ত্তন করিবার তেমন চেষ্টাই বা কি করিয়াছ ? কয়েক দিন মাছ, মাংস খেলে না তাহাকেই কি খুব চেষ্টা করা হইয়াছে মনে করিতে হয় ? অতএব ধৈর্য্যাবলম্বন সর্ব্বদা অন্তরে করিবে এবং ভগবৎ-নিয়তিতে তোমার ভাগ্যে কখন শুভ সময় উপস্থিত হয়, তন্নিমিত্ত

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিশ্বস্ত চিত্তে অপেক্ষা করিবে ; উতলা হইবে না এবং হতাশ হইবে না। আমার আশীর্ব্বাদ জানিবে। অত্র মঙ্গল। যে কথাগুলি লিখিলাম, তাহা সর্ব্বদা স্থির চিত্তে আলোচনা করিবে। ইতি—

আশীর্ব্বাদক
শ্রীসন্তদাস

১৯

ওঁ হরিঃ

প্রিয় —,

তোমার প্রেরিত ৫৲ টাকা প্রাপ্ত হইয়া পরম আদরের সহিত গ্রহণ করিয়াছি। উৎসব কার্য্য খুব সুচারুরূপে সম্পন্ন হইয়াছে। তোমরা সকলে আমার আশীর্ব্বাদ জানিবে। দেহ ধারণ যাহারা করিয়াছেন তাঁহারা মহৎ হউন আর ক্ষুদ্র জীবই হউন, সিদ্ধ পুরুষই হউন অথবা বদ্ধ জীবই হউন সকলকেই সময় সময় শারিরীক ক্লেশ ভোগ করিতে হইয়াছে ও হইয়া থাকে এবং এই দেহ নশ্বর হওয়াতে সকলেরই দেহ সময় মতন পতন হইয়াছে ও হইয়া থাকে ইহা তুমি নিশ্চয় জানিয়া শারিরীক এই সকল উৎপাত পরিবারস্থ লোকের উপস্থিত হইলে তৎ-সম্বন্ধে নিজ কর্ত্তব্য পালন যত্নপূর্ব্বক করিয়া শান্তচিত্ত থাকিতে অভ্যাস করিবে। তদ্ভিন্ন শান্তি লাভ কেহ করিতে পারে না। ভগবৎ নাম সর্ব্বদা অন্তরে প্রীতির সহিত স্মরণ করিবে ; তাহাতে চিত্তের শান্তি বর্দ্ধিত হইবে। শ্রীভগবৎ কৃপায় তোমার বিপদ সকল কাটিয়া যায় এই আশীর্ব্বাদ করি। অত্র মঙ্গল। ইতি— আশীর্ব্বাদক

শ্রীসন্তদাস

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২০

ওঁ হরিঃ

পরম কল্যাণীয়াসু,

মাই !তোমার পত্র পাইয়াছি। তুমি আমার আশীর্ব্বাদ জানিবে। প্রীতি পূর্ব্বক সেবা বুদ্ধিতে তুমি যদি গৃহ কর্ম্ম কর তবে ইহাতেই ভগবান তোমাকে পার করিয়া দিবেন। অপরে বহু কষ্টে সাধনাদি করিয়া যাহা না পায় তাহা তোমার লাভ হইতে পারিবে। অতএব চিন্তিত বা নিরাশা হইবার তোমার কোন কারণ নাই। তোমরা কল্যাণ লাভ কর এই ইচ্ছা করি। অত্র মঙ্গল।

আশীর্ব্বাদক
শ্রীসন্তদাস

ওঁ হরিঃ

২১

পরম কল্যাণীষু,

মাই! তোমার পত্র পাইয়াছি। আমি গত মঙ্গলবার পাটনা হইতে গয়া আসিয়াছি। এখানে অদ্য শুক্রবার তোমার পত্র পাইলাম। তুমি ও বাটীস্থ সকলে আমার আশীর্ব্বাদ জানিবে। তোমাদের শোক করিবার কারণ যথেষ্ট হইয়াছে সন্দেহ নাই কিন্তু প্রত্যেকেরই আয়ু বিধাতা কর্তৃক নির্দ্ধারিত আছে। আয়ু শেষে সকলকেই পরলোক গত হইতে হয়—ইহা বিশেষ রূপে চিন্তা করিয়া শোক সংবরণ কর। শোক পোষণ করিলে তাহাতে লাভ কিছু হয় না বরং শারীরিক

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মানসিক ক্ষতিই হইয়া থাকে। অতএব যত্ন করিয়া শোক পরিত্যাগ করাই উচিত। আমি আগামী মঙ্গলবার গয়া হইতে হাজারীবাগ যাইব মনস্থ করিয়াছি। তথায় কয়েক দিন থাকিয়া পরে অনত্র যাইব। শিবপুর কবে পর্য্যন্ত পৌঁছিতে পারিব তাহার এযাবৎ স্থিরতা নাই। তোমাদের দুঃখ দূর হয় এবং আনন্দে থাক ইচ্ছা করি। অত্র মঙ্গল ইতি।

আশীর্ব্বাদক
শ্রীসন্তদাস

২২

ওঁ হরিঃ

পরম কল্যাণবরেষু,

প্রিয়.....

তোমার পত্র পাইয়াছি। তুমি দেশে যাও অকুতোভয়ে। কোন বিঘ্ন আশঙ্কা করিও না। ভগবান তোমাকে গ্রহণ করিয়াছেন দাসরূপে, যেরূপ কার্য্য ইচ্ছা হয় তোমার দ্বারা করাইবেন, তুমি তাহাতে দ্বিধাবুদ্ধি করিও না; সমস্ত তাহাতে অর্পণ করিয়া নিশ্চিন্ত হও। মেথরের কার্য্য যে জগতে অতিশয় অবশ্যকীয় তাহা করিবার লোক না থাকিলে অনেক সহরে ভারতবর্ষে লোকের বাস করা অসম্ভব হয়। সেই কার্য্য যদি আবশ্যকীয় হয় তবে তাহাও ত কাহারো দ্বারা করাইতে হইবে। অতএব ভগবান তাঁহার সৃষ্টি রক্ষার নিমিত্ত তোমার দ্বারা যে কোন কার্য্য করান তাহা তোমার বিচারে ঘৃণিত ও নিন্দনীয় কার্য হইলেও

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তুমি তাহাতে নিজের কর্ত্তৃত মিথ্যাকল্পে গ্রহণ করিয়া বৃথা ক্লেশ বোধ করিওনা। এই ভাবটি সর্ব্বদা অন্তরে রাখিতে চেষ্টা করিবে এবং সমস্ত কর্ম্ম নিজ হইতে ঝাড়িয়া ফেলিবে। অত্র কুশল। তুমি আমার আশীর্ব্বাদ জানিবে। ইতি

আশীর্ব্বাদক
শ্রীসন্তদাস

২৩

ওঁ শ্রীহরি

প্রিয়---,

তোমার পত্র পাইয়াছি। সাংসারিক বিষয় সম্বন্ধে তোমার দুঃসময় এবং পীড়াদায়ক গ্রহের ভোগকাল কিছুকাল যাবৎ প্রবর্ত্তিত হইয়াছে সত্য; সেই জন্য তোমার বুদ্ধি এবং মনোবৃত্তিও সময় সময় মিথ্যাদর্শী ও কলুষিত ভাব প্রাপ্ত হইতেছে। তোমার প্রতি যাহাদের শ্রদ্ধা ছিল এমন বহু বান্ধবগণও অনেকে তোমার প্রতি অশ্রদ্ধান্বিত হইতেছে ইহা সত্য। কিন্তু তুমি এই সময় চিত্তকে অবসন্ন করিলে এবং অন্তরে শোকের পোষণ করিলে এই শারীরিক ও মানসিক ক্লেশ শীঘ্র প্রশমিত হইবে না। তুমি পুরুষকারের দ্বারা হুঙ্কারপূর্ব্বক মনের দুর্ব্বলতা পরিহার করিতে চেষ্ট করিবে এবং ক্লেশদায়ক চিন্তা মনে একেবারে পোষণ করিবে না। ইহা জানিবে জন্মজন্মান্তরের কার্যানুসারে সুখপ্রাপ্তির সময় উপস্থিত না হইলে কেহ কাহাকেও সুখ দিতে পারিবে না।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তোমার পিতামাতা এবং অপর বন্ধুজনের যে পরিমাণ সহায়তা ও সুখদান তোমার উপলক্ষে হওয়া বিধাতা নিয়মাবদ্ধ করিয়াছেন, সেই পরিমাণ তুমি তাহা করিতে পারিয়াছ। অধিক করিতে পার নাই বলিয়া শোক করা নিতান্ত বুদ্ধিহীনতার কার্য্য। এই সকল চিন্তা তুমি একেবারে পরিত্যাগ করিয়া "নিজে অহং কর্ত্তা" এই মিথ্যা অভিমান বর্জ্জন কর। বিধ তার অলঙ্ঘ্য নিয়মানুসারে যখন যে অবস্থা উপস্থিত হয় তাহার উপযুক্ত কর্ত্তব্যকর্ম্ম অব্যাকুল চিত্তে সম্পাদন করিয়া নিজে সুখী হও—কর্ত্তব্যকার্য্য যথাজ্ঞানে করিয়াছি এই ধারণাযুক্ত হইয়া অন্তরে সুখী থাক। তাহা না করিয়া "হা হতোস্মি" এইরূপ উৎসাহহীন অসহায় ভাব পোষণ করা কখনো বুদ্ধিমান ব্যক্তির কার্য্য নহে। আমার এই সকল কথা বারম্বার চিন্তা করিয়া মনে দৃঢ়রূপে ধারণা করিতে চেষ্টা করিবে। অবস্থা ও সামর্থ্যানুসারে তাহার প্রতি তোমার কর্ত্তব্য পালন করিতে যত্ন কর। যাহা সামর্থ্যের অতীত তাহা করিতে পারিলে না বলিয়া নিরর্থক শোকাতুর হইও না। তুমি অন্তরে অন্তরে বিলাপ করিয়া ক্লেশভাগী হইও না। তোমার দুঃসময় কাটিয়া যাইবে—ইহাই আমার শেষ কথা জানিবে। অত্র মঙ্গল। ইতি—

আশীর্ব্বাদক—
শ্রীসন্তদাস

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২৪

ওঁ হরিঃ

প্রিয়—,

তোমার শরীর পুনরায় অসুস্থ হইয়া পড়িয়াছে ইহা দুঃখের বিষয়। শ্রীভগবৎকৃপায় তুমি আরোগ্য লাভ কর এই ইচ্ছা করি। যাহারা তোমার প্রতি প্রসন্ন নন বলিয়া বিবেচনা কর তুমি তাঁহাদের প্রত্যেকের মূর্ত্তি ভোরের সময় অন্তরে ভগবৎবুদ্ধিতে ধ্যান করিয়া যেমন ঠাকুরের মূর্ত্তিকে সাষ্টাঙ্গ দণ্ডবৎ কর তদ্রূপ ভক্তিপূর্ব্বক সাষ্টাঙ্গ দণ্ডবৎ করিয়া হাত জোড় করিয়া তাহাদের প্রসন্নতা প্রার্থনা করিবে। এইরূপ যদি করিতে পার, তবে শীঘ্রই তোমার মনের মালিন্য দূর হইয়া যাইবে এবং চিত্ত প্রসন্ন হইবে। তুমি আমার আশীর্ব্বাদ জানিবে। চিন্তিত হইও না। তোমার দুঃখ দীর্ঘকাল থাকিবে না, শীঘ্রই চলিয়া যাইবে। আমার কফরোগ যাহা মেলাস্থলে হইয়াছিল তাহা এইক্ষণ খুব কমিয়া গিয়াছে, ঔষধ ব্যবহার করিতেছি। আশ্রমস্থ সকলে কুশলে আছেন।

ইতি—

আশীর্ব্বাদক

শ্রীসন্তদাস

২৫

ওঁ হরিঃ

প্রিয়—,

তোমার পত্র পাইয়াছি। তুমি আমার অশীর্ব্বাদ জানিবে। তোমার পিতার দেহান্ত যথাকালে হইয়াছে তন্নিমিত্ত তোমার মাতার

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কিংবা তোমার শোকার্ত্ত হওয়ার কোন কারণ নাই। শ্রীরামচন্দ্র বনে গিয়াছিলেন তখন ভরতের মুখে তাহার পিতৃবিয়োগের সংবাদ অবগত হইয়া বন্য বদরী ও অঙ্গুরী ফলের পিণ্ডদান করিয়া পিতার শ্রাদ্ধ তর্পণ করিয়াছিলেন। ইহা বাল্মীকি রামায়ণে লিখা আছে তখন তিনি রাজ্যচ্যুত হইয়া বনবাসী হইয়াছিলেন, সুতরাং তদবস্থার উপযোগী ঐরূপ শ্রাদ্ধ করিয়াছিলেন। ইহা স্মরণ করিয়া তোমার অবস্থানুসারে তোমার পিতার শ্রাদ্ধ কার্য্য করিবে। ইহাতেই তিনি সন্তুষ্ট হইবেন। চার দানের ও পিণ্ডদানের দ্বারাও শ্রাদ্ধ কার্য্য হইতে পারে। প্রতি শ্রাদ্ধের সঙ্গে ১২ মাসের শ্রাদ্ধ ও সপিণ্ডকরণ শ্রাদ্ধ যদি এক সঙ্গে করিতে পার তজ্জন্য বিশেষ যত্ন করিবে। নতুবা আশ্রমে আসিয়া মাসে মাসে শ্রাদ্ধ করা কঠিন হইবে এবং তোমার অশৌচান্ত হইবে না। এক পুত্র স্থলে ইহা শাস্ত্রের বিধান আছে। বিশেষতঃ তুমি অবিবাহিত থাকিতে ইচ্ছা কর। এ অবস্থায় সপিণ্ডকরণ শ্রাদ্ধ দেশে করিয়া তৎপর গয়ায় পিণ্ডদান করিয়া পিতৃঋণ হইতে শাস্ত্রানুসারে মুক্ত হইলেই ভাল। তোমরা সর্ব্বপ্রকার কল্যাণ লাভ কর এই ইচ্ছা করি। ইতি—

আশীর্ব্বাদক
শ্রীসন্তদাস



CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২৬

ওঁ হরিঃ

প্রিয়—,

তোমার প্রেরিত ৫০০ টাকা প্রাপ্ত হইয়া পরম আনন্দের সহিত গ্রহণ করিয়াছি। তুমি আমার আশীর্ব্বাদ জানিবে, কোন চিন্তা করিও না। যাহা আপাতত অশুভ দৃষ্ট হয়, তাহা হইতেও বিশেষ কল্যাণ আসে। মনে সর্ব্বদা এই ভাব রাখিতে অভ্যাস করিবে যে ভগবানই সর্ব্ব কর্ত্তা, সকল জীবের কার্য্য প্রেরক, যত এই ধারণা স্থির হইবে ততই শান্তি লাভ করিবে। আশ্রমের Tube well এ মিষ্ট জল হইবার সম্ভাবনা হইয়াছে। এখানে সকলে কুশলে আছেন। ইতি—

আশীর্ব্বাদক

শ্রীসন্তদাস

২৭

ওঁ হরিঃ

প্রিয়—,

তোমার পত্র পাইয়াছি। তোমার খুড়ীমাকে পত্র লিখিয়াছি। আত্মীয়স্বজনের বিরহ হইতে যে দুঃখ তাহা মোহ হইতে উৎপন্ন হয়। পুরুষকার দ্বারা হুঙ্কারের সহিত ইহা পরিহার করিবে। পরনিন্দা-জনিত এবং পরের অবজ্ঞাজনিত যে দুঃখ তাহার মূল নিজ অভিমান বৃত্তি। বাস্তবিক পরনিন্দা দ্বারা অশেষ কল্যাণই সাধিত হয়। ভগবান

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সকলই জানেন সুতরাং নিন্দা দ্বারা কোন ক্ষতি হয় না ; কারণ তিনি ভিন্ন ফলদাতা কেহ নাই। আর অপরের অবজ্ঞাজনিত যে দুঃখ তাহা সাক্ষাৎ সম্বন্ধেই নিজ অভিমান-বৃত্তিকে দমন করিয়া উপকার জন্মায়। অবস্থানুসারে এইরূপ চিন্তাসকল মনে ধারণ করিয়া শান্তি অবলম্বন করিবে। আমার শরীর একপ্রকার ভাল আছে এবং আশ্রমের সকলে কুশলে আছেন। তোমরা সকলে আমার আশীর্ব্বাদ জানিবে। ইতি—

আশীর্ব্বাদক
শ্রীসন্তদাস

২৮

ওঁ হরিঃ

প্রিয়—,

তোমার পত্র পাইয়াছি। তুমি আমার আশীর্ব্বাদ জানিবে। এই সময় তোমার গ্রহাদির সংস্থান তেমন ভাল নহে, সেই জন্য কিছু শারীরিক ও মানসিক ক্লেশ হইতেছে ; তন্নিমিত্ত চিন্তা করিও না। শীঘ্র এই সকল কাটিয়া যাইবে। পরন্তু সর্ব্বদা এইরূপ মনে রাখিবে যে এই সংসারবাস তোমার পক্ষে ক্রীড়া মাত্র, ইহাতে সুখ দুঃখ, হার জিত সমস্ত খেলার হার জিত, সুখ দুঃখের মতন এবং সর্ব্বত্রই ভগবৎ লীলা মাত্র (স্বপ্নের ন্যায়) জ্ঞান করিতে যত্ন করিবে। নিশ্চিন্ত মনে জীবনযাত্রা নির্ব্বাহ করিয়া যাও। কোন চিন্তা করিও না। তুমি আমার আশীর্ব্বাদ জানিবে।

আশীর্ব্বাদক
শ্রীসন্তদাস

©C0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২৯

ওঁ হরিঃ

প্রিয়—,

তোমার পত্র পাইয়াছি। তুমি আমার আশীর্ব্বাদ জানিবে। ইহাই সার সত্য জানিবে সকল জীব আপন আপন পূর্ব্বকৃত কর্ম্মানুসারে ইহ জন্মে সুখ দুঃখ ভোগ করে এবং পূর্ব্ব কর্ম্মানুসারেই কেহ আঢ্য কেহ দরিদ্র হয়। আবার কেহ তাহাকে দুঃখী, সুখী অথবা ধনী, দরিদ্র করিতে পারে না। তবে যতদিন তাহার আয়ু আছে ততদিন তাহার জীবিত থাকিবার উপযোগী অন্ন বস্ত্র কোন না কোন সূত্রে কোন প্রকার নিমিত্ত অবলম্বন করিয়া ভগবান জুটাইয়া দেন।.....পরিত্যাগ করিয়া একপ্রকার ফকিরিই লইয়াছ। পিতামাতা প্রভৃতির কোন প্রকার অর্থ সাহায্য তোমার দ্বারা হইবার হইলে তোমার এই প্রকার মতি ভগবান দিতেন না। তাঁহাদের আধ্যাত্মিক কল্যাণসাধন বিষয়ে তোমাকে ভগবান নিমিত্ত করিয়া তাহাদের যথেষ্ট কল্যাণ সাধন করিয়াছেন....কিন্তু এখনকার অবস্থায় পিতামাতার অর্থের অনটন দূর করিতে পার নাই বলিয়া মনে অশান্তি আনয়ন করা বুদ্ধিমানের কার্য্য নহে। আর তোমাকে যখন চেলাই করিয়াছি তখন তোমাকে গ্রহণ করিতে কি বাকী আছে? ইহা তুমি বুঝিতেছ না কেন? মনে কোন সংশয় রাখিও না। নিশ্চিন্ত মনে উপস্থিত কর্ত্তব্য বিবেচনা পূর্ব্বক সদ্ভাবে সম্পাদন করিয়া সন্তোষ অবলম্বন কর। ইহার পর আর অশান্তি মনে বৃথা আনিও না। অত্র মঙ্গল। ইতি—

আশীর্ব্বাদক
শ্রীসন্তদাস

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

LIBRARY
No.....
Shri Shri Ma Anandamayee Ashram
BANARAS.

ওঁ হরিঃ

প্রিয়—,

তোমার পত্র পাইয়াছি। তোমার পত্রের লিখিত কোন কোন প্রশ্ন পূর্ব্বেও অনেকবার লিখিয়াছ এবং উত্তর দিয়াছি। তোমার মন্ত্র কোন শাস্ত্রীয় গ্রন্থে উল্লেখ থাকা আমি দেখি নাই। মহাজনেরা নিজে মন্ত্রে সিদ্ধমনোরথ হয়েন, তাহাও কোন কোন শিষ্যকে তাহার অধিকার অনুসারে দিয়া থাকেন এবং অধিকার অনুসারে অন্য শাস্ত্রীয় মন্ত্রও দিয়া থাকেন। তবে শাস্ত্রীয় মন্ত্রতেই দীক্ষা হয়, অন্য মন্ত্র শক্তি সঞ্চারিত করিয়া অন্য প্রয়োজন সাধন নিমিত্ত দিতে পারেন কিন্তু মুমুক্ষু শিষ্যকে নিজ সম্প্রদায়ের প্রচলিত শাস্ত্রীয় মন্ত্র দিয়া থাকেন। তুমি আমার আশীর্ব্বাদ জানিবে। অত্র মঙ্গল। ইতি—

আশীর্ব্বাদক
শ্রীসন্তদাস

৩১

ওঁ হরিঃ

প্রিয়—,

তোমার পত্র পাইয়াছি। তুমি আমার আশীর্ব্বাদ জানিবে। যে শক্তি দীক্ষার সহিত তোমার অন্তরে প্রবিষ্ট হইয়াছে, তাহার সহিত তোমার পূর্ব্ব সংস্কার সকলের বিরোধ, সেই সকল সংস্কার বহির্মুখে টানিতে চায়। এই সকল সংস্কারের বল খুব অধিক। ক্রমশঃ ভগবৎ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নামের শক্তিতে ইহারা বশীভূত হইবে। পূর্ব্ব পূর্ব্ব কালে সুদীর্ঘ কালের তপস্যায় এই সকল বশীভূত করা কঠিন হইত। এখন ভগবৎ কৃপায় তথাপি সহজ হইয়াছে। সাধ্য মতন চেষ্টা করিয়া ভগবৎ নাম সাধন কর; সাধ্যের অতিরিক্ত ত আর কিছু করিবার নাই। ভগবান তাহাতেই সন্তুষ্ট হইয়া সদ্‌গতি প্রদান করিবেন চিন্তিত হইও না।

তোমার পিতামাতার পূর্ব্ব পূর্ব্ব জন্মার্জ্জিত যেরূপ কর্ম্ম আছে তদনুসারে এইবার তাহারা ফল প্রাপ্ত হইবে। তুমি অধিক কিরূপে পারিবে? পরন্তু অন্ন বস্ত্রের ক্লেশ তাহাদের হইবার সম্ভাবনা নাই, তাহা হইলেই যথেষ্ট। যথাসাধ্য চেষ্টা করিতেছ আর কি করিবে? এই বিষয়ে বিষণ্ণ হওয়া কিছু নয়। অত্র মঙ্গল। ইতি—

আশীর্ব্বাদক
শ্রীসন্তদাস

৩২

ওঁ হরিঃ

প্রিয়—,

ভরসা করি শ্রীভগবৎ কৃপায় তুমি ভাল আছ এবং তোমার চিত্ত প্রসন্ন আছে।....ভগবান বিধান না করিলে কখনই ফল লাভ হয় না, তুমি একাগ্র চিত্তে তাঁহার ভজনে মন দিয়া মনের আকাঙ্ক্ষা তাঁহার নিকট নিবেদন কর। ভগবৎ প্রীত্যর্থে যে তপশ্চরণ ও সেবা ইহাই সর্ব্বপ্রকার সুখদায়ক তপশ্চরণ বলিতে নিজের ভোগবিলাস বর্জ্জন, দেহ রক্ষা যাহাতে হয় এইরূপ অন্ন বস্ত্র গ্রহণ এবং অকপট ভাবে তাঁহার

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ও তাঁহার জীবের সেবা বুঝায় . নিজের কোনরূপ প্রতিপত্তি লাভ মনে না থাকা এবং পরের নিন্দাস্তুতিতে সমবুদ্ধি হওয়া চাই। এই নিন্দাস্তুতিতে যে সমভাব রক্ষা করা ইহাই সর্ব্বশ্রেষ্ঠ তপস্যা। ইহা সহ্য করিয়া যাওয়া চাই। এই সহ্য করাই সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ তপস্যা। তুমি এই কথাগুলি সর্ব্বদা মনে চিন্তা করিবে। আমার আশীর্ব্বাদ জানিবে। অত্র মঙ্গল। ইতি—

আশীর্ব্বাদক
শ্রীসন্তদাস

৩৩

ওঁ হরিঃ

প্রিয়—,

তোমার পত্র পাইয়াছি। তোমরা আমার আশীর্ব্বাদ জানিবে। বৈশাখ মাসের মধ্যভাগে শিবপুর যাইবার কথা। তিন সপ্তাহ কালও বাকী নাই, সুতরাং ছেলেদের পড়া বিষয়ে এই মাসে যেমন চলিতেছে তদ্রূপই চলুক। আমি তথায় গেলে যেরূপ হয় সকলের সঙ্গে পরামর্শ করিয়া ব্যবস্থা করা যাইবে। তুমি অশান্তিতে সময় কাটাইতেছ লিখিয়াছ ইহা সঙ্গত নহে। জোর করিয়া মন হইতে এই অশান্তিজনক চিন্তা দূর করিবে। সকলের কাছে নিজে হীন সেবক হইয়া থাকিতে চেষ্টা করিবে, তাহাতেই শান্তি লাভ হয়। অপরের দোষ দর্শন করিও না। আমার শরীর এক প্রকার ভাল আছে। তোমরা সকলে আনন্দে থাক এই ইচ্ছা করি। অত্র মঙ্গল। ইতি—

আশীর্ব্বাদক
শ্রীসন্তদাস

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৩৪

ওঁ হরিঃ

শ্রীমান—,

আমার আশীর্ব্বাদ জানিবে। এত লিখিবার তোমার প্রয়োজন ছিল না। জানিবে—

"সুখস্য দুঃখস্য ন কোঽপি দাতা
পর দদাতীতি কুবুদ্ধিরেষা।
অহং করোমীতি বৃথাভিমানঃ
স্বকর্ম্মসূত্রগ্রথিতো হি লোকঃ॥"

অন্যের দোষ দর্শন না করাই একমাত্র শান্তি লাভের উপায়। তুলসীদাসজীর মিথ্যা নিন্দা একজন করিত। তাহার মৃত্যুতে তিনি অত্যন্ত শোক করিয়া বলিলেন যে নিঃস্বার্থভাবে তাহার উপকার করে এমন দ্বিতীয় লোক তার সম্বন্ধে কেউ ছিল না। কারণ তিনি নিন্দা করিয়া তাঁহার যত কিছু জ্ঞাত অজ্ঞাত পাপ তৎসমস্ত ধৌত করিয়া নিজ মস্তকে নিতেন। গুরু-শিষ্য সংবাদে এই সকল কথা বিস্তৃতরূপে লেখা আছে পড়িবে। তৎসমস্ত চিন্তা করিয়া ধারণ করিবে, ইহাই শান্তির পথ। আমার শীঘ্রই শিবপুর যাওয়ার কথা হইয়াছে, সুতরাং পত্রে আর অধিক কথা লিখিলাম না। ইতি—

আশীর্ব্বাদক
শ্রীসন্তদাস

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi